



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/২৩৩২২১১৩১৮৬২/ নেত্রকোনা-৪১/২৭

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩


বিষয় : সুপার পদে দায়িত্ব পালন প্রসঙ্গে

সূত্র: (১) তদন্ত প্রতিবেদনের স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৭৪.০০০.২৭.০০২.২২-৩২০, তারিখ: ১৬ এপ্রিল ২০২৩
(২) মোহাম্মদ আলী হসাইন (সুপার) এর অনলাইনে দাখিলকৃত অভিযোগ (Application ID: ২৩৩২২১১৩১৮৬২)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নেত্রকোনা জেলার সদর উপজেলাধীন জামেয়া আহমাদিয়া রেজভীয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোহাম্মদ আলী হসাইন নং বামাশিবো/প্রশা/২২৪২১১১৩১৮৬২/৫৫৯৯৯/নথি নং -৪১ তারিখ: ২৬-০১-২০২২ খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগের বিষয়ে বোর্ড কর্তৃক প্রেরিত পত্রের আলোকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, নেত্রকোনা সূত্রোক্ত ০১ নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন ও সুপার কর্তৃক দাখিলকৃত অভিযোগের কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ম্যানেজিং কমিটি ও গভার্ণিং বডি প্রবিধানমালা ২০০৯ এর ৩৩(১) অনুসারে অনুমোদনের প্রজ্ঞাপন জারির ৩০ দিনের মধ্যে প্রথম সভা করার বিধান থাকলেও উক্ত মাদ্রাসার ক্ষেত্রে তা করা হয়নি বিধায় প্রজ্ঞাপন অনুযায়ী অনুমোদিত ম্যানেজিং কমিটির কার্যকাল শুরু হয়নি। যে কমিটির কার্যকালই শুরু হয়নি সে কমিটির সভাপতি কর্তৃক সুপারকে সাময়িক বরখাস্ত করায় তা বিধিসম্মত হয়নি।

এমতাবস্থায়, সুপারের সাময়িক বরখাস্ত প্রক্রিয়া বিধি মোতাবেক না হওয়ায় মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে জনাব মোহাম্মদ আলী হসাইন পত্র জারীর পর থেকে মাদ্রাসার সুপার পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২২.০৬.২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮


ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব মোহাম্মদ আলী হসাইন

সুপার

জামেয়া আহমাদিয়া রেজভীয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা

নেত্রকোনা সদর, নেত্রকোনা



২২/০৬/২৩

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/২৩৩২২১১৩১৮৬২/ নেত্রকোনা-৪১/২৭

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, নেত্রকোনা;
৪. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা;
৫. উপজেলা নির্বাহী অফিসার, সদর, নেত্রকোনা;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নেত্রকোনা;
৭. সভাপতি/সদস্যবৃন্দ, মাদ্রাসা পরিচালনা কমিটি, জামেয়া আহমাদিয়া রেজভীয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, সদর, নেত্রকোনা;
৮. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।


২২/০৬/২৩

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২২/০৬/২৩